

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১১৮৭

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ নাপাকী গোসল সম্পাদনকারীর জন্য মুস্তাহাব হলো বাম হাত দিয়ে লজ্জাস্থান ধৌত করা; ডান হাত দিয়ে নয়

ذِكْرُ الاسْتِحْبَابِ لِلْمُغْتَسِلِ مِنَ الْجَنَابَةِ أَنْ يَكُونَ غَسْلُ فَرْجِهِ بِشِمَالِهِ دُونَ الْيَمِينِ مِنْهُ

আরবী

1187 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ السَّعْدِيُّ قَالَ: حَدَّثَنَا عَيْسَى بْنُ يُونُسَ عَنِ الْأَعْمَشِ عَنْ سَالِمِ بْنِ أَبِي الْجَعْدِ عَنْ كُرَيْبٍ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: حَدَّثَنِي خَالَتِي مَيْمُونَةُ قَالَتْ: أَدْنَيْتُ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ غُسْلَهُ مِنَ الْجَنَابَةِ قَالَتْ: فَغَسَلَ كَفَّيْهِ مَرَّتَيْنِ أَوْ ثَلَاثًا ثُمَّ أَدْخَلَ كَفَّهُ الْيُمْنَى فِي الْإِنَاءِ فَأَفْرَغَ بِهَا عَلَى فَرْجِهِ فَغَسَلَهُ بِشِمَالِهِ ثُمَّ ضَرَبَ بِشِمَالِهِ الْأَرْضَ فَدَلَّكَهَا دَلَكًا شَدِيدًا ثُمَّ تَوَضَّأَ وَضُوءَهُ لِلصَّلَاةِ ثُمَّ أَفْرَغَ عَلَى رَأْسِهِ ثَلَاثَ حَفَنَاتٍ مِلءَ كَفَّيْهِ ثُمَّ تَنَحَّى غَيْرَ مَقَامِهِ ذَلِكَ فَغَسَلَ رِجْلَيْهِ ثُمَّ أَتَيْتُهُ بِالْمِنْدِيلِ فَرَدَّهُ.

الراوي : ابن عباس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1187 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১১৮৭. আব্দুল্লাহ বিন আব্বাস রাঈয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমাকে হাদীস বর্ণনা করেছেন আমার খালা মাইমূনা রাঈয়াল্লাহু আনহা, তিনি বলেন, “নাপাকী গোসলের জন্য আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নিকটে পানি নিয়ে আসলাম।” তিনি বলেন, “অতঃপর তিনি দুইবার বা তিনবার তাঁর দুই হাতের কজি পর্যন্ত ধৌত করেন, তারপর তিনি তাঁর ডান হাতের কজি পর্যন্ত পায়ে প্রবেশ করান, অতঃপর তা দ্বারা লজ্জাস্থানে পানি ঢালেন এবং বাম হাত দিয়ে ধৌত করেন তারপর বাম হাত মাটিতে রেখে ভালভাবে ঘষে নেন তারপর তিনি সালাতের ন্যায় ওযু করেন তারপর তিনি তাঁর মাথার উপর দুই অঞ্জলিভর্তি পানি ঢালেন তারপর তিনি সেই জায়গা থেকে সরে যান অতঃপর দুই পা ধৌত করেন। তারপর আমি তাঁর কাছে রুমাল নিয়ে আসি কিন্তু তিনি তা

ফিরিয়ে দেন।”[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২৪১; সহীহ মুসলিম: ৩১৭; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৯৯৮; হুমাইদী: ৩১৬; আত তায়ালিসী: ১/৬১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৬২; মুসনাদ আহমাদ: ৬/৩২৯; সহীহ বুখারী: ২৪৯; সহীহ মুসলিম: ৩১৭; আবু দাউদ: ২৪৫; তিরমিযী: ১০৩; নাসাঈ: ১/১৩৭; দারেমী: ১/১৯১; ইবনুল জারুদ: ৯৭; সুনান বাইহাকী: ১/১৭৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৪৮; তাবারানী: ২৩/৪২২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২৪৪।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90501>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন